

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩ তলা)
৬০, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা।
www.jamuka.gov.bd


নং-৪৮.০২.০০০০.০০১.০০.১৮৯.১৪- ১০৯

তারিখঃ ০৯ মার্চ, ১৪২৪ বঃ
০০ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিঃ

বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর কার্যক্রম সম্পর্কিত সাধারণ
জিজ্ঞাসা ও উত্তর এতদসঙ্গে প্রকাশ করা হ'ল।


সংযুক্তি :


(মোঃ মিজানুর রহমান)
মহাপরিচালক
ফোনঃ ৯৩৩৭০৮৮
ই-মেইল-dg@jamuka.gov.bd

জামুকা'র কার্যক্রম সম্পর্কিত সাধারণ জিজ্ঞাসা ও উত্তর

ক্রঃ নং	প্রশ্ন/জিজ্ঞাসা	উত্তর/কার্যক্রম
০১	উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটির প্রেরিত প্রতিবেদনের ভিত্তিতে কখন গেজেট প্রকাশ করা হবে?	প্রতিবেদনগুলো পরীক্ষা-নিরীক্ষা/বিশ্লেষণ করা হচ্ছে। কাগজ-পত্রাদি সঠিক পাওয়া গেলে গেজেট প্রকাশের সুপারিশ করা হবে।
০২	খ এবং গ তালিকায় উল্লিখিত মুক্তিযোদ্ধাদের দায়েরকৃত আপীল শুনানী কবে শুরু হবে এবং কিভাবে তা জানা যাবে?	আপীল শুনানীর প্রক্রিয়া নির্ধারণ বিষয়ে একটি উপকমিটি কাজ করছে। সকল প্রকার আনুষ্ঠানিকতা সম্পন্ন করে আপীল শুনানীর ব্যবস্থা নেয়া হবে। আপীল শুনানীর তারিখ, সময় ও স্থান সম্পর্কে আপীলকারীকে পত্র/মেসেজ পাঠানো হবে।
০৩	মুজিবনগর কর্মচারীগণের সাক্ষাৎকার কবে নেয়া হবে এবং কিভাবে জানা যাবে?	মুজিবনগর কর্মচারীগণের আবেদন যাচাই-বাছাইয়ের জন্য একটি উপকমিটি কাজ করছে। উপকমিটি কর্তৃক সাক্ষাৎকার গ্রহণের সিদ্ধান্ত নেয়া হলে তা শুনানীর তারিখ, সময় ও স্থান সম্পর্কে আবেদনকারীকে নোটিশের মাধ্যমে জানানো হবে।
০৪	মন্ত্রণালয় থেকে প্রাপ্ত নারী মুক্তিযোদ্ধাদের আবেদন তাদের উপজেলায় প্রেরণ করা হয়েছে কি না? কবে প্রেরণ করা হবে এবং কিভাবে তা জানা যাবে?	নারী মুক্তিযোদ্ধাদের আবেদন সর্বদাই উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়ে থাকে। এ সংক্রান্ত বিষয়ে জানতে সহকারী পরিচালক জনাব মো: শাহ আলম এর সাথে যোগাযোগ করলে বিস্তারিত জানা যাবে।
০৫	শব্দ সৈনিক হিসেবে নাম গেজেটভুক্তকরণের পরবর্তী সভা কবে হবে?	শব্দ সৈনিকগণের আবেদন সংক্রান্ত বিষয়ে জানতে সহকারী পরিচালক জনাব মো: আব্দুল খালেক এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
০৬	গকুলনগরের ইউথ ক্যাম্পের মুক্তিযোদ্ধাদের নামে কবে গেজেট করা হবে?	গকুলনগরের ইউথ ক্যাম্পের মুক্তিযোদ্ধাদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।
০৭	জামুকা হতে মুক্তিযোদ্ধা হিসেবে প্রত্যয়ন দেয়া হয় কি না।	জামুকা হতে এ ধরনের প্রত্যয়ন দেয়া হয় না।
০৮	ভূয়া মুক্তিযোদ্ধা মর্মে অভিযুক্তদের বিরুদ্ধে অভিযোগের প্রেক্ষিতে কি ব্যবস্থা নেয়া হচ্ছে?	তদন্তে অভিযোগ প্রমানিত হলে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের অনুমোদনক্রমে গেজেট বাতিলের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে সুপারিশ করা হয়।
০৯	যারা নির্ধারিত সময়ে অন-লাইনে বা সরাসরি আবেদন করতে পারেননি তারা এখন আবেদন করতে পারবেন কি না?	অনলাইনে আবেদন করার শেষ তারিখ ছিল ৩১ অক্টোবর, ২০১৪। বর্তমানে মুক্তিযোদ্ধা হিসেবে গেজেটভুক্তির জন্য কোন আবেদন গ্রহণ করা হয় না।


 ০২/০২/১৮
 ১
মোঃ আব্দুল খালেক
 সহকারী পরিচালক (প্রশাসন)
 জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
 মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা


 ০২/০২/১৮
মোঃ আহসান হাবীব
 যুগ্ম-সচিব
 পরিচালক (প্রশাসন ও অর্থ)
 জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
 মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।